# জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন ডাকলেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন আগামী ২৭ আগস্ট আহ্বান করা হয়েছে। ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম সংবিধান অনুযায়ী এ অধিবেশন আহ্বান করেছেন।

মঙ্গলবার (১১ আগস্ট) জাতীয় সংসদ সচিবালয়ের আইন প্রণয়ন অধিশাখা-১ থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় রাষ্ট্রপতিকে দেওয়া ক্ষমতাবলে অধিবেশনটি আহ্বান করা হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, আগামী বৃহস্পতিবার বিকেল ৩টায় ঢাকার শেরে বাংলা নগরে জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে অধিবেশনের কার্যক্রম শুরু হবে।

জাতীয় সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়ার স্বাক্ষর করা আদেশে অধিবেশন আহ্বানের বিষয়টি জানানো হয়েছে। আদেশটি সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়েছে।

LENS ASIA